# উপজেলা পরিষদ

সোনাগাজী, ফেনী।

ফোন-০৩৩-২৫৭৬৬৩১

uzsonagazi@gmail.com


শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং: উপ:পরি:সোনা:ফেনী/২০২৩- ৬৮ 　　　　　　　　　　　　　　　　তারিখ ১৭.১০.২০২৩খ্রি:

## গাছ নিলাম বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৫.১৮.১৮৬.২০২২-৮৮১, তাং ১৫.১০.২০২৩খ্রি: এবং জেলা প্রশাসক কার্যালয়ের (স্থানীয় সরকার শাখার) স্মারক নং-০৫.২০.৩০০০.০০৬.১৪.০০৩.২০-৩৮৯, তাং-১৬.০৭.২০২৩খ্রি: ফেনী জেলার সোনাগাজী উপজেলা পরিষদ কম্পাউন্ডে অবস্থিত বিভিন্ন সময়ে বজ্রপাত, ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত, ঝড়ে উপড়ে পড়া ও বিনষ্টযোগ্য বিভিন্ন ধরণের ৩১ (একত্রিশ)টি মরা গাছ এবং উপজেলা কমপ্লেক্স ভবনের সামনে এপ্রোচ সড়ক নির্মাণ ও উপজেলা পরিষদ মসজিদ সম্প্রসারণের নিমিত্ত ৬৫ (পঁয়ষট্টি) টি জীবিত গাছ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ও সময়সূচি অনুযায়ী (যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে) নিলাম বিক্রয়ের উদ্দেশ্যে ক্রয়ে ইচ্ছুক আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

| | | |
|---|---|---|
| দরপত্র ফরম বিক্রয় ও দাখিলের স্থান | (১) | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সোনাগাজী, ফেনী |
| | (২) | সহকারী কমিশনার (ভূমি) সোনাগাজী, ফেনী। |
| | (৩) | উপজেলা প্রকৌশলীর কার্যালয়, সোনাগাজী, ফেনী। |

দরপত্র সিডিউল বিক্রয় ও দাখিলের তারিখ এবং সময়সূচি :

| দরপত্র ফরম বিক্রয়ের তারিখ (অফিস খোলার দিন) | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|
| ১৭/১০/২০২৩ খ্রি: হতে ৩১/১০/২০২৩ খ্রি: | ০১/১১/২০২৩ খ্রি: বেলা:১.০০ ঘটিকা | ০২/১১/২০২৩ খ্রি: বেলা ২.০০ ঘটিকা |

| গাছের বিবরণ | যেখানে অবস্থিত |
|---|---|
| (ক) বিভিন্ন প্রজাতির জীবিত গাছের সংখ্যা ৬৫ (পঁয়ষট্টি) টি | উপজেলা কম্পাউন্ডে লাল দাগ সম্বলিত গাছ |
| সরকারি প্রাক্কলিত মূল্য | ১,১৫,৭৯৮ (এক লক্ষ পনের হাজার সাতশত আটানব্বই) টাকা |
| (খ) বিভিন্ন প্রজাতির মৃত গাছের সংখ্যা ৩১ (একত্রিশ) টি | উপজেলা কম্পাউন্ডে লাল দাগ সম্বলিত গাছ |
| সরকারি প্রাক্কলিত মূল্য | ৫১,৭৩১ (একান্ন হাজার সাতশত একত্রিশ) |

শর্তাবলী :

০১। নিলামে অংশগ্রহণকারী আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে প্রয়োজনে উপজেলা পরিষদ কম্পাউন্ডে লাল দাগ চিহ্নিত জীবিত ও মৃত গাছ সরেজমিন পরিদর্শন করতে পারবেন।

০২। (ক) ক্রমিকের জীবিত গাছের প্রতিসেট সিডিউলের মূল্য ১০০০/-(এক হাজার) এবং (খ) ক্রমিকের মৃত গাছের প্রতিসেট সিডিউলের নগদ মূল্যে (অফেরতযোগ্য) উল্লিখিত কার্যালয় হতে নির্ধারিত সময়ে ক্রয় করা যাবে।

০৩। কোন প্রতিষ্ঠান নিলামে অংশ গ্রহণ করতে ইচ্ছুক হলে উল্লিখিত প্রতিষ্ঠান তার নিজস্ব মুদ্রিত লেটারহেড প্যাডে আবেদনপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট নিবন্ধন, আয়কর সনদ, জাতীয় পরিচয়পত্র, ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।

০৪। ব্যক্তির ক্ষেত্রে যারা নিয়মিত আয়কর প্রদান করে শুধুমাত্র তারা আয়কর সনদ এবং জাতীয় পরিচয়পত্রসহ নিলামে অংশগ্রহণ করতে পারবেন।

০৫। যে কোন তফসিলি ব্যাংক হতে দরপত্রে উদ্বৃত মূল্যের ৫০% (পঞ্চাশ শতাংশ) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার /জামানত হিসেবে (ফেরতযাগ্য) উপজেলা পরিষদ, সোনাগাজী এর বরাবর দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।দরপত্রের জামানত ছাড়া কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না।

০৬। কৃতকার্য দরদাতাকে উদ্বৃত্ত মূল্যের অবশিষ্ট ৫০%(পঞ্চাশ শতাংশ) টাকা ও উক্ত মূল্যের উপর বিধি মোতাবেক ভ্যাট ৭.৫% ও আয়কর ১০% (উৎসে কর) ০৩ (তিন) দিনের মধ্যে নগদ/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসারের বরাবর জমা প্রদান করতে হবে।

০৭। কার্যাদেশ প্রদানের ০৭ (সাত) দিনের মধ্যে নিজ খরচে বর্ণিত গাছ কর্তন পূর্বক অপসারণ করতে হবে।

০৮। দরপত্র দাখিলের পূর্বে সরেজমিন পরিদর্শন পূর্বক দরতাদা দরপত্র দাখিল করবেন। দরপত্র গৃহীত হওয়ার পর কোনরুপ আপত্তি গ্রহণ যোগ্য হবে না।

০৯। কর্তিত গাছসমূহ অত্র উপজেলার বাহিরে পরিবহনের ক্ষেত্রে বনজদ্রব্য (পরিবহন ও নিয়ন্ত্রন)/২০১২ অনুযায়ী বন বিভাগ হতে অবশ্যই চলাচল পাস (T.P) গ্রহণ করতে হবে।

১০। কৃতকার্য দরদাতাকে গাছ নিলামে ক্রয় সংক্রান্ত সকল বিধি-বিধান যা এখানে বর্ণিত হয়নি তা মেনে নিতে বাধ্য থাকতে হবে এবং যে কোন নিয়মে কোন জটিলতা দেখা দিলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হবে।

১১। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বা সকল দরপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৭.১০.২০২৩

(কামরুল হাসান)
উপজেলা নির্বাহী অফিসার
সোনাগাজী, ফেনী।
✆ ০১৭১৩১৮৭৩১৯
unosonagazi@mopa.gov.bd

স্মারক নং: উপ:পরি:সোনা:ফেনী/২০২৩- ৮৮/১ (১৬)

তারিখ ১৭.১০.২০২৩খ্রি:

**অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো।**

০১। জেলাপ্রশাসক, ফেনী।
০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সোনাগাজী, ফেনী।
০৩। সহকারী কমিশনার (ভূমি) সোনাগাজী, ফেনী ও সদস্য, গাছ নিলাম কমিটি।
০৪। উপজেলা প্রকৌশলী, সোনাগাজী, ফেনী ও সদস্য, গাছ নিলাম কমিটি।
০৫। উপজেলা রেঞ্জ কর্মকর্তা, সোনাগাজী, ফেনী ও সদস্য, গাছ নিলাম কমিটি।
০৬। চেয়ারম্যান, ৩নং মঙ্গলকান্দি ইউনিয়ন পরিষদ, সোনাগাজী ফেনী ও সদস্য, গাছ নিলাম কমিটি।
০৭। সহকারী প্রোগ্রামার, সোনাগাজী, ফেনী। **(তাঁকে নিলাম বিজ্ঞপ্তিটি উপজেলা ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)**
০৮। সম্পাদক, দৈনিক স্টার লাইন / **দৈনিক নয়া পয়গাম, ফেনী উক্ত নিলাম বিজ্ঞপ্তিটি ০১ (এক) দিন স্বল্প পরিসরে প্রকাশ করে পত্রিকার কপি ও বিল নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ করার অনুরোধ জনানো হলো।**
০৯। চেয়ারম্যান................................ ইউপি (সকল) সোনাগাজী, ফেনী।
১০। জনাব ...............................
১১। নোটিশ বোর্ড/ওয়েব সাইট।
১২। অফিস কপি।

১৭.১০.২০২৩

(কামরুল হাসান)
উপজেলা নির্বাহী অফিসার
সোনাগাজী, ফেনী।
✆ ০১৭১৩১৮৭৩১৯